# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯১

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ فِي عَجْوَةِ الْعَالِيَةِ شِفَاءً وَإِنَّهَا تِرْيَاقٌ أَوَّلَ البكرة» . رَوَاهُ مُسلم

বাংলা

৪১৯১-[৩৩] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মদীনার উচ্চভূমির ’আজওয়াহ্ খেজুরের মধ্যে রোগের নিরাময় রয়েছে। আর প্রথম ভোরে তা (খাওয়া) বিষের প্রতিষেধক। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (৫৪৬২)-২৭, সহীহুল জামি‘ ৩৮৯৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৫৩৯, মুসনাদে আহমাদ ২৪৭৩৭, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৩৪৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ فِىْ عَجْوَةِ الْعَالِيَةِ شِفَاءً) ‘‘মদীনার উঁচু ভূমির ‘আজওয়াহ্ খেজুরে রোগমুক্তি রয়েছে।’’ ইমামা নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ الْعَالِيَةِ উঁচু ভূমি বলতে মদীনাহ্ হতে নাজদের দিকের (পূর্বদিকে) অঞ্চলকে বুঝায়, তার পশ্চিমপ্রান্ত যা মদীনার দিকে তার দূরত্ব মদীনাহ্ থেকে তিন মাইল আর তার পূর্ব প্রান্ত যা নাজদের দিকে তার দূরত্ব মদীনাহ্ থেকে আট মাইল।

(وَإِنَّهَا تِرْيَاقٌ أَوَّلَ الْبُكْرَةِ) অথবা তিনি বলেছেনঃ এগুলো প্রতি সকালে খেলে (বিষমুক্ত ঔষধ) এর ন্যায় কাজ করে।

ইমাম ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ তা বিষ মুক্তির ক্ষেত্রে উপকারী।

(মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74914

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন